# জেলা পরিষদ কার্যালয়
# সিরাজগঞ্জ
www.zpsirajganj.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০০০.০১.০৯.০০০১.২৬-৫৭৬

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা এর ১৮ জানুয়ারি ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৩.১৭.৬৪ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূণ্য পদসমূহের বিপরীতে "জাতীয় বেতনস্কেল,২০১৫" এবং জেলা পরিষদ চাকুরী বিধিমালা, ১৯৯০ এর নিয়োগ বিধি অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতন ক্রম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষক | ০১ (এক) | ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা। |
| ০২ | সাঁটলিপিকার | ০১ (এক) | ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এব বয়সসীমা শিথিলযোগ্য। |
| ০৩ | উচ্চমান সহকারী | ০১ (এক) | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা। |
| ০৪ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ০১ (এক) | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। |
| ০৫ | ইলেকট্রিশিয়ান | ০১ (এক) | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | সরকার কর্তৃক স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সনদ প্রাপ্ত। |
| ০৬ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম-দপ্তরী | ০১ (এক) | ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা তৎসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা। |
| ০৭ | অফিস সহায়ক | ০১ (এক) | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | প্রহরী | ০১ (এক) | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক) | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | অষ্টম শ্রেনী পাশ। সুস্থ্য দেহের অধিকারী হতে হবে। |

## শর্তাবলী

১. আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

২. আবেদনকারী কর্তৃক নির্ধারিত আবেদন ফরম স্ব-হস্তে লিখিত হতে হবে এবং খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক আবেদন ফর্ম ডাকযোগে ০৬/০৪/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ বরাবর পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফর্ম জেলা পরিষদ, সিরাজগঞ্জ এর ওয়েবসাইট (www.zpsirajganj.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) বা (www.forms.gov.bd) এ পাওয়া যাবে। নির্ধারিত আবেদন ফর্মের চাহিদা ও নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩. আবেদনকারীর বয়স ০৬/০৪/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৫. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি। (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি। (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি। (ঘ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক চারিত্রিক সনদপত্র। (চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদপত্রের সাথে ১০(দশ) টাকার ডাকটিকিট সম্বলিত আবেদনকারীর নাম ঠিকানা লিখে ফেরত খাম সংযুক্ত করতে হবে। (ছ) আবেদনপত্রের সাথে যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ এর অনূকুলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮. একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না।

৯. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদেরকে পরবর্তীতে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সন্তোষজনক শিক্ষানবিশকাল সমাপ্তির পর বিধি মোতাবেক স্থায়ী করা হবে।

১২. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. চাকুরীর শর্তবলী, বেতন ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা-কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৪. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৩/০৩/২৬

(মোছাঃ আফসানা ইয়াসমিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভার.)
জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
ইমেইল ঃ zpsirajganj@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০০০.০১.০৯.০০০১.২৬-৫৭৬(১০০)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২। প্রশাসক, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,.......................(সকল)।
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার,.................. (সকল), সিরাজগঞ্জ।
৯। জেলা হিসাবরক্ষণ অফিসার, সিরাজগঞ্জ।
১০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
১১। সম্পাদক,...................................... (বিজ্ঞপ্তিটি পত্রিকার ভিতরের পাতায় ০৫.০৩.২০২৬ খ্রি.তারিখ ০১(এক) দিনের জন্য ৪ কলাম x ১২ ইঞ্চি আকারে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হলো।)
১২। অফিস কপি)।

০৩/০৩/২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভার.)
জেলা পরিষদ, সিরাজগঞ্জ।